অধ্যক্ষের কার্যালয়
# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩
ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং তারিখ: ২৭/০৭/২০২৩

বিজ্ঞপ্তি নং-১২২

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

| | |
|---|---|
| ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির বিষয়সমূহ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ। |
| ভর্তির তারিখ | ৩০/০৭/২০২৩ তারিখ থেকে ০৬/০৮/২০২৩ তারিখ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যাতিত) |
| ভর্তি ফি | ক) বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)- ৩৪৪৫/-<br>খ) বি.এসসি (অনার্স)- ৩৫৬৫/- |
| ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের করণীয় | ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ২৭/০৬/২০২৩ তারিখ হতে ০৬/০৮/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (**www.nu.ac.bd/admissions**) **Applicant Login** অপশনে **Honours Login** লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। ০৬/০৮/২০২৩ তারিখের পর ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না। |
| ভর্তির ফি প্রদানের নিয়মাবলি | ১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (https://chandpurcollege.eshiksaems.com/) লিংকে গিয়ে **User ID- cgcstudent** এবং **Password- cgcstudent** দিয়ে **admission** বাটনে ক্লিক করে **Click New Admission** অপশনে গিয়ে গ্রুপ (অনার্স), নির্বাচিত বিষয়, ভর্তি আবেদনের রোল সঠিকভাবে দিয়ে **Check For Admission** এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা পূরণপূর্বক **Submit** করে প্রিন্ট নিতে হবে। **Submit** করার পর বিকাশ/নগদ/উপায় অ্যাপস্ এর মাধ্যমে পে-বিল/এ্যডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ **Select** করে **Student ID** স্থলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে পেমেন্ট সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীর মোবাইলে ক্লাস রোল নম্বরের একটি **SMS** যাবে। উক্ত **SMS**-এ প্রাপ্ত ক্লাস রোল নম্বর ভর্তি ফরমের উপর লিখে দিতে হবে এবং ক্লাস রোল নম্বর সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। ক্লাস রোল নম্বরের ভিত্তিতে ক্লাসসহ একাডেমিক সকল কার্যক্রম পরিচালিত হবে। |

নিয়মাবলি :

১। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর জাতীয় বিশ্ববিদ্যালয় ও **eshiksabd** হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি, এস এস সি ও এইচ এস সি পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। উল্লেখ্য যে, বিভাগে ভর্তি ফরম জমা দেওয়ার সময় সেমিনার ও শিক্ষা সফর ফি বাবদ- এককালীন (ক) বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)- ১৮০০/- টাকা (খ) বি.এসসি (অনার্স)- ২৪০০/- টাকা বিভাগে নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের অবশ্যই ০৬/০৮/২০২৩ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে ভর্তির ফরম প্রিন্ট নিতে হবে এবং ০৭/০৮/২০২৩ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। উল্লিখিত তারিখ ও সময়ের পর ফি পরিশোধ করলে তা গ্রহণযোগ্য হবে না।

২। ১ম বর্ষ অনার্স কোর্সে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ০১/০৮/২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অনার্স-১ম বর্ষের ক্লাস ০১/০৬/২০২৩ তারিখ হতে শুরু হয়েছে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

বি.দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২৭/০৭/২০২৩
(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি :
০১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
০২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
০৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
০৪। কলেজ ওয়েব সাইট **www.chandpurcollege.edu.bd**
০৫। অফিস নথি।